মেহেরপুরে জাতীয় সমবায় দিবস ২০২৪ পালিত

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় সমবায় দিবস ২০২৪ পালিত পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয় আয়োজিত আলোচনা সভা আজ শনিবার (২ নভেম্বর) সকাল ১১ টার দিকে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে আয়োজন করা হয়।

এর আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র প্রাঙ্গনে এসে শেষ হয়।

জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) গাজী মূয়ীদুর রহমান, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মূনীর।

এছাড়াও এসময় জেলা সমবায় কার্যালয়ের উপ-সহকারী নিবন্ধক মোঃ এনামুল হক, জেলা সমবায় দপ্তরের পরিদর্শক মোঃ নুরুজ্জামান, প্রশিক্ষক নুরুজ্জামান, তাঁত বিশেষজ্ঞ মাসুদ রানা, সহকারী পরিদর্শক মোঃ সাইফুল রহমান, জাহিদ হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে মেহেরপুর কর্তৃক শ্রেষ্ঠ সমবায় সমিতিকে পুরষ্কার বিতরণ করা হয়। এর মধ্যে ১ তম পুরষ্কার মোঃ আসলাম হোসেন, ২য় পুরষ্কার মোছাঃ আঞ্জুয়ারা খাতুন, ৩য় পুরষ্কার মোঃ মনিরুজ্জামান অর্জন করেন।

আলোচনার আগে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র প্রাঙ্গনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করেন জেলা প্রশাসক সিফাত

মেহনাজ এবং জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালা।